# Times Today BD

মো. কামরুজ্জামান | ক্যাম্পাস | 16 April, 2025

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) শরীরচর্চা বিভাগ আয়োজিত বয়সভিত্তিক সাঁতার প্রশিক্ষণ কোর্স শুরু হয়েছে। আজ বুধবার (১৬ এপ্রিল) বিকেলে বিশ্ববিদ্যালয়ের সুইমিংপুলে এ প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর সালেহ্ হাসান নকীব।

প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনে এ্যাথলেটিকস্ ও এ্যাকুয়াটিকস্ সাব-কমিটির সভাপতি প্রফেসর মো. আরিফুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য (প্রশাসন) প্রফেসর মোহাম্মদ মাঈন উদ্দীন। স্বাগত বক্তৃতা করেন শরীরচর্চা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত পরিচালক মোসা. রোকসানা বেগম।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর মো. মাহবুবর রহমান, ছাত্র-উপদেষ্টা ড. মো. আমিরুল ইসলাম এবং জনসংযোগ দপ্তরের প্রশাসক প্রফেসর মো. আখতার হোসেন মজুমদার প্রমুখ।

অনুষ্ঠানে রাবি উপাচার্য অধ্যাপক সালেহ হাসান নকীব বলেন,রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সুইমিংপুল কোনো মৌসুমি ব্যাপার না; এটি সারাবছরই খোলা থাকবে। আমাদের ক্যাম্পাসের এই সুইমিংপুলটিকে একটি আন্তর্জাতিক মানের সুইমিং কমপ্লেক্সে উন্নীত করতে চাই। তিনি আরো বলেন,যারা নিয়মিত সাঁতার কাটবে, তাদের কখনও এমন ভুঁড়ি হবে না।ভুঁড়ি না হওয়াটা খুব ভালো একটা দিক।সাঁতার এমন একটি এক্সারসাইজ, যেটি করলে শরীরের প্রতিটি অঙ্গ-প্রত্যঙ্গের ব্যায়াম হয়।

প্রসঙ্গত,তিন সপ্তাহব্যাপী এই প্রশিক্ষণ কোর্সে চারটি বয়সভিত্তিক ক্যাটাগরিতে মোট ২৬৩ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করছে।

সাঁতার ভুঁড়ি উপাচার্য

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 12 June, 2025 03:21

URL: https://timestodaybd.com/public/campus/634842936